

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৯৭৭

মোহনপুর, ২৭ ফেব্রুয়ারি, ২০২৪

দেবেন্দ্রনগর গ্রামপঞ্চায়েতে প্রশাসনিক শিবির

মোহনপুর মহকুমা প্রশাসন এবং এমবিবি কলেজ অ্যালামনি এসোসিয়েশনের উদ্যোগে সম্প্রতি বামুটিয়া ইউনিয়নের দেবেন্দ্রনগর গ্রামপঞ্চায়েতে কার্যালয় প্রাঙ্গনে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। এমবিবি কলেজ অ্যালামনি এসোসিয়েশনের মাধ্যমে দেবেন্দ্রনগর গ্রাম পঞ্চায়েতকে দত্তক নেওয়া হয়। এরফলে আগামী দিনে এই গ্রামে বিভিন্ন উন্নয়নমূলক কাজে এই অ্যালামনি এসোসিয়েশন ভূমিকা গ্রহণ করবে। এই উপলক্ষে আয়োজিত এদিনের শিবিরে উপস্থিত ছিলেন বামুটিয়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান পূজা মালাকার, দেবেন্দ্রনগর গ্রাম পঞ্চায়েতের প্রধান রূপসী দাস কল, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত, উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা, বামুটিয়া ইউনিয়নের বিডিও সপ্তপনী মজুমদার, এমবিবি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ নির্মল ভদ্র, এমবিবি কলেজ অ্যালামনি এসোসিয়েশনের সেক্রেটারি ড. গৌতম সাহা। প্রশাসনিক শিবিরে ৫টি এসটি সার্টিফিকেট, ২৬টি ম্যারেজ সার্টিফিকেট, ৬২টি পিআরআরটিসি, ৩টি ইনকাম সার্টিফিকেট দেওয়া হয়। ২০টি আধার কার্ডে নাম নথিভুক্তকরণ ও সংশোধন করা হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ১৪টি আয়ুর্বেদ কার্ড দেওয়া হয় এবং ৩১ জনের স্বাস্থ্য পরীক্ষা করে তাদের বিনামূল্যে ঔষধ দেওয়া হয়।
